

উদাসী ভৈরব

রাগ-সংগঠন ও সঙ্গীত - কাজী নজরুল ইসলাম

রচনা - জগৎ ঘটক।

অনুষ্ঠান - ১২ই নভেম্বর, রবিবার, প্রাতঃকাল

১। রাগ—অরুণ ভৈরব

পিতা প্রজাপতি দক্ষের যজ্ঞ অনুষ্ঠান-সংবাদ শ্রবণে সতী শিব সমীপে আগমন করিলেন ভৈরবী ও যোগিনীগণের সহিত অন্তিমতীলাভের আশায়। ধ্যানস্থ শিবকে তিনি “অরুণ ভৈরব” গাহিয়া জাগাইতেছেন.....

(আরোহী :- ধা গা সা খা সা গা মা, দা পা, গা ধা সা

অবরোহী :- সা গা ধা গা পা মা দা পা মা গা মা খা সা

বাদী = মধ্যম ; সস্বাদী = সা)

কিন্তু, ধ্যান-ভঙ্গিতে শিব সতীকে হইতে অন্তিমতী দিলেন না। বলিলেন, এ যজ্ঞ-অনুষ্ঠান হইতেছে প্রজাপতি দক্ষের কু-বুদ্ধি প্রণোদিত। ইহার পরিণাম অশুভ। তথাপি সতী নিষেধ অগ্রাহ্য করিয়া চলিলেন পিত্রালয়ে।

২। রাগ—আশা ভৈরবী

সতীর বিচ্ছেদে শিব কাতর হইয়া পড়িলেন কি এক অজানা আশঙ্কায় চিত্ত তাঁর ভরিয়া উঠিল। এমন সময়ে “আশা ভৈরবী” সাস্বনা দিলেন ত্রিদিবনাথকে,—প্রভো, মিথ্যা আশঙ্কা ত্যাগ করুন !.....

(আরোহী :- সা খা জ্ঞা সা, খা মা পা দা গা পা দা সা

অবরোহী :- সা দা পা মা খা সা।

বাদী = পঞ্চম। সস্বাদী = সা

• অবরোহীতে—নিখাদ ও গাঙ্কার গুপ্ত।)

৩। রাগ—শিবাণী ভৈরবী

কিন্তু আশঙ্কা সত্যে পরিণত হইল। “শিবাণী ভৈরবী” আসিলেন দুঃসংবাদ বহন করিয়া,—যজ্ঞ সভাস্থলে শিবকে নিন্দা করিলেন প্রজাপতি দক্ষ; সেই নিন্দা সহ্য করিতে না পারিয়া সতী যজ্ঞস্থলে দেহত্যাগ করিয়াছেন।

(আরোহী :- সা রা জ্ঞা পা, দা সা

অবরোহী :- সা রী জ্ঞা রী সা গা দা পা,
মা জ্ঞা সা।

• বাদী = সা। সস্বাদী = পঞ্চম।)

৪। রাগ—রুদ্র-ভৈরব

সতীর দেহ-ত্যাগ সংবাদ শ্রবণে শোকাবৃত্ত শিব রুদ্রমূর্তি ধারণ করিলেন। প্রতিজ্ঞা করিলেন, যে দক্ষ সতীর দেহ-ত্যাগের কারণ, সেই দক্ষের ছিন্নমুণ্ডে যজ্ঞের আহুতি প্রদান করিবেন। স্বীয় ছিন্নজটা হইতে সৃষ্টি করিলেন বীরভদ্রকে,— আপনার তেজ ও শক্তি দিয়া তাকে পাঠাইলেন দক্ষ যজ্ঞ পণ্ড করিতে.....

(আরোহী :- সা খা মা দা, গা সা

অবরোহী :- সা গা দা মা খা সা।

বাদী = ধৈবত। সস্বাদী = রেখাব।)

৫। রাগ—যোগিনী

রুদ্র ভৈরবের তপ্ত নৃত্যে ও প্রলয়ঙ্কর মূর্তিতে সৃষ্টি ধ্বংস পায়। তাই “যোগিনী” আসিলেন শিবকে শান্ত করিতে..... (আরোহী :- সা খা জ্ঞা সা দা পা, মা পা গা দা পা সা
অবরোহী :- সা না দা পা, পা সা জ্ঞা, মা, মা গা ধা সা
বাদী = পঞ্চম। সস্বাদী—সা।)

৬। রাগ—উদাসী ভৈরব

রুদ্র শিব শান্ত হইলেন; কিন্তু সতীর বিরহে কাতর। তাই তাঁহার মায়ামুগ্ধ চিত্ত একবার সাহুনা লাভ করিতেছে, একবার শোকে মুহমান হইয়া পড়িতেছে সৃষ্টি-স্থিতি-প্রলয়ের বিধাতা—ভগবানের এ মূর্তি ভক্তের চোখে কত সুন্দর, কত মধুর!

(আরোহী :- সা খা গা মা, সা মা, সা গা সা
খা সা।

অবরোহী :- সা সা গা সা মা, গা মা খা সা।

• বাদী = মা। সস্বাদী = সা।)